**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**21 JULY 2024** **7:45—7:55 PM IST**

==========================================================================

১) সংসদের বাজেট অধিবেশনের আগে আজ সর্বদলীয় বৈঠক ।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নতুনদিল্লীর ভরত মন্ডপমে আজ থেকে বিশ্ব ঐতিহ্য সমিতির ৪৬ তম অধিবেশনে অংশ গ্রহণ ।

৩) বাংলাদেশে চলা হিংসাত্বক প্রতিবাদের পরিপ্রেক্ষিতে ভারতের ছাত্র ছাত্রীর দেশে ফিরে আসার যাত্রা অব্যাহত ।

৪) করিমগঞ্জ সহ রাজ্যের তিনটি জেলায় উদ্যোগিক শিল্প প্রতিষ্ঠান নির্মানের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার অনুমোদন ।

---

সরকার সংসদের বাজেট অধিবেশনের আগে আজ একটি সর্বদলীয় বৈঠক আহ্বান করে । বৈঠকে সরকার আসন্ন বাজেট অধিবেশনের সময়কালে সংসদের উভয় সভার কাজ সুষ্ঠুভাবে চালিয়ে নিয়ে যাওয়ার জন্য রাজনৈতিক দলগুলির সহযোগীতা কামনা করে ।কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং , কিরেন রিজিজু , অজুন রাম মেঘোয়াল , জেপি নাড্ডা , চিরাগ পাশোয়ান , কংগ্রেস নেতা জয়রাম রমেশ ও গৌরব গগৈ , এন সি পি নেতা প্রফুল্ল প্যাটেল , ডি এম কের নেতা টি আর বালু ও তিরুছি শিরা , আম আদমী পার্টির নেতা সঞ্জয় সিং সহ আরো বহু সংখ্যক সাংসদ অংশ গ্রহণ করেন

।সংসদের বাজেট অধিবেশন আগামীকাল আরম্ভ হবে । অধিবেশনের প্রথম দিন অর্থমন্ত্রী নির্মলা সীতারমন সভায় অর্থনৈতিক সমীক্ষা দাখিল করবেন ।অর্থনৈতিক সমীক্ষা অর্থব্যবস্থার বিভিন্ন ক্ষেত্রের পারিসাংখ্যিক তথ্য ও বিশ্লেষন তুলে ধরবে ।এর মাধ্যমে কর্মসংস্থান , মোট ঘরোয়া উৎপাদনের বিকাশ ও মুদ্রাস্ফীতির তথ্য ও লাভ করা যাবে ।অর্থমন্ত্রী আগামী মংগলবার সভায় ২০২৪-২৫ সালের কেন্দ্রীয় বাজেট দাখিল করবেন ।এটি হবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর তরীয় কার্যকালের প্রথম বাজেট । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু গত মাসে সংসদের উভয় সভার যৌথ বৈঠকে ভাষন দেবার সময় এবারের বাজেট সরকারের সুদূরপ্রসারী নীতি ও ভবিষ্যত পরিকল্পনার নথি হবে বলে প্রকাশ করেছিলেন ।সরকারের বাজেট অধিবেশনে সংসদে ছটি বিল দাখিল করার সম্ভানা রয়েছে । এর মধ্যে দূযোগ ব্যবস্থাপনা সংশোধনী বিল , ভারতীয় বায়ুযান বিল ইত্যাদি রয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় নতুনদিল্লীর ভারত মন্ডপে বিশ্ব ঐতিয্য সমিতির ৪৬ তম অধিবেশনের উদ্ভোধন করেন ।ভারতে প্রথমবারের মতো আয়োজন করা বিশ্ব ঐতিয্য সমিতির এই অধিবেশন ৩১ শে জুলাই শেষ হবে । এই বার্ষিক অধিবেশনে বিশ্ব ঐতিহ্যের সংগে জড়িত সব বিষয়ের আলোচনা করা সহ বিশ্ব ঐতিহ্য ক্ষেত্রের তালিকায় অর্ন্তভূক্ত হোয়া স্থানগুলির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।উল্লেখ্য ভারতবর্ষ আহোম শাসনকালের গৌরবজ্জ্বল ঐতিহ্য চরাইদেউ মৈদাম ক্ষেত্রকে বিশ্ব ঐতিহ্য তালিকায় স্থান লাভের জন্য মনোনীত করেছে ।

---

বাংলাদেশে চলতে থাকা হিংসাত্মক প্রতিবাদ কার্যসূচীর পরিপ্রেক্ষিতে ভারতীয় ছাত্রছাত্রীদের দেশে প্রত্যাবর্তন অব্যাহত রয়েছে ।বাংলাদেশের ঢাকা

, মানিকগঞ্জ , বগুরা সহ বিভিন্ন মেডিক্যাল কলেজে অধ্যয়নরত ধুবরী জেলার ছাত্রছাত্রীরা ফিরে এসেছে ।ধুবরী ও গৌরীপুরে মোট ৬ জন ছাত্রছাত্রীকে ভারতীয় উচ্চায়ুক্তের উদ্যোগে ফিরিয়ে আনা হয়েছে ।অনুরূপভাবে শিবসাগর জেলার একজন ছাত্র ফিরে আসতে সমর্থ হয়েছে ।সম্প্রতি রাজ্যের ১৫ জন ছাত্রছাত্রীর একটি দল বৈদেশিক পরিক্রমা মন্ত্রনালয়ের সহযোগিতায় দেশে ফিরে আসতে সমর্থ হয়েছে ।এদিকে বৈদেশিক পরিক্রমা মন্ত্রনালয়ের তথ্য অনুযায়ি ঢাকার ভারতীয় উচ্চায়ুক্ত সহ চট্টগ্রাম , রাজশাহি , সিলেট ও খুলনার সহকারী উচ্চায়ুক্ত ভারতীয় নাগরিকদেরকে স্থানীয় কর্তৃপক্ষের সহযোগিতায় ভারত বাংলাদেশ সীমান্ত পার করে ভারতীয় নাগরিকদের নিরাপদে দেশে ফিরে আসতে সহায়তা করছে ।মন্ত্রনালয় সামরিক বিমান পরিবহন , বন্দর ও সীমান্ত সুরক্ষা বাহিনীর সহযোগিতায় বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে ।উল্লেখ্য ভারত বাংলাদেশ সীমান্তের করিমগঞ্জ সুতারকান্দি সংহত পাহারা চৌকী সহযোগিতায় ৪১ জন ভারতীয় ছাত্রছাত্রী দেশে ফিরে এসেছে ।করিমগঞ্জ জেলা প্রশাসন পরিস্থিতি পর্যবেক্ষণ করতে ও বাংলাদেশ থেকে আসা ভারতীয় ছাত্রছাত্রীদেরকে তদারক করতে একজন দন্ডাধীশকে দায়িত্ব অর্পন করা হয়েছে ।এদিকে সীমান্ত সুরক্ষা বাহিনীর ত্রিপুরা ফ্রন্টিয়ারের ইন্সপেক্টর জেনারেল প্যাটেল পিযুষ পুরুষোত্তম দাস সাংবাদিকদের জানান যে প্রায় ৩০০ জন শিক্ষার্থী সোনামুড়া জেলার শ্রীমন্তপুর ইন্টিগ্রেটেড চেকপোষ্ট দিয়ে এবং ৭৬ জন আখাউড়া ইন্টিগ্রেটেড চেকপোষ্ট দিয়ে আজ দেশে ফিরে এসেছে ।তিনি জানান যে আরো ৩০০ ছাত্রছাত্রী আজ ত্রিপুরার দুটি চেকপোষ্ট দিয়ে দেশে ফিরে আসছে ।ইন্সপেক্টর জেনেরেল শ্রী দাস আরো জানান যে গতকাল ৩৭৩ জন ভারতীয় শিক্ষার্থী ও ৩ জন নেপালি শিক্ষার্থী গতকাল ত্রিপুরার দুটি চেকপোষ্ট দিয়ে ভারতে এসেছে ।

---

দশে বাল্য বিবাহ রোধের ক্ষেত্রে জাতীয় পর্যায়ের দুটি সংস্থার চালানো সমীক্ষা অনুযায়ী আসাম এই ক্ষেত্রে শীর্ষস্থান লাভ করেছে ।ইন্ডিয়া চাইল্ড প্রটেকশন ও বাল্য বিবাহমুক্ত ভারত নামের সংস্থা দুটির করা সমীক্ষার প্রতিবেদন অনুযায়ী আসামে ৮১ শতাংশ বাল্য বিবাহ রোধ করা সম্ভব হয়েছে । কেন্দ্রীয় সরকার এই ক্ষেত্রে গ্রহণ করা আসামের আদর্শকে অন্য রাজ্যগুলি  অনুসরণ করতে আহ্বান জানিয়েছে ।

---

রাজ্যসরকার সমগ্র শিক্ষা অভিযানের অধীনে কর্মরত অবস্থায় মৃত্যু হওয়া চুক্তিভিত্তিক শিক্ষক -কর্মচারীদের  পরিবারকে অর্থ সাহায্য প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করেছে ।উল্লেখ্য যে রাজ্য সরকারের নিয়মিত কর্মচারী এবং শিক্ষকদের মৃত্যু হলে তার পরিবার ৬০ বছর পর্যন্ত অর্থাৎ অবসর গ্রহণের সময় পর্যন্ত সম্পূর্ণ বেতন লাভ করে তবে চুক্তিভিত্তিক শিক্ষক - কর্মচারীদের ক্ষেত্রে এই সুবিধা ছিল না ।রাজ্য সরকারের এই সিদ্ধান্তের ফলে সমগ্র শিক্ষা অভিযানের অধীনে কর্মরত চুক্তিভিত্তিক শিক্ষক - কর্মচারীদের পরিবারবর্গ উপকৃত হবে বলে আশা করা হচ্ছে ।

---

কেন্দ্রীয় সরকার করিমগঞ্জ সহ রাজ্যের তিনটি জেলায় ঔদ্যাগিক শিল্প প্রতিষ্ঠান নির্মানের ক্ষেত্রে অনুমোদন জানিয়েছে । করিমগঞ্জের ঔদ্যাগিক প্রতিষ্ঠানটি পাথারকান্দি বিধানসভা কেন্দ্রে গড়ে তুলা হবে । বিধায়ক কৃষনেন্দু পাল জানিয়েছেন যে ১৮ কোটী ৭৬ লক্ষ টাকা ব্যয় করে এই ঔদ্যাগিক শিল্প প্রতিষ্ঠানটি গড়ে তোলা হবে যার ফলে এলাকার ৫ থেকে ৭ হাজার বেকার যুবক-যুবতীর কর্মসংস্থানের সুযোগ হবে । উল্লেখ্য কেন্দ্রীয় সরকার উত্তর-পূর্বের মোট ১২টি স্থানে ঔদ্যোগিক শিল্প প্রতিষ্ঠান নির্মানে অনুমোদন জানিয়েছে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গুরু পূর্ণিমা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।এই দিনটিতে জনসাধারণ শিক্ষক শিক্ষয়িত্রী ও আধ্যাত্বিক গুরুদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ।ঋষি বেদব্যাসের জয়ন্তীর সংগে সংতি রেখে এই পর্বকে ব্যাস পূর্ণিমা ও বলা হয় ।

---

ভারত সেবাশ্রম সঙ্ঘের কাছাড় হিন্দু মিলন মন্দিরে আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে গুরুপূর্ণিমা উৎসব পালিত হয়েছে ।কার্যসূচীর মধ্যে ছিল ভোরে মঙ্গল আরতি , গীতাপাঠ , আলোচনাচক্র , বৈদিক শান্তি যজ্ঞ ইত্যাদি ।অনুরূপভাবে মালিনীবিল ভারতসেবাশ্রম সঙ্ঘেও আজ গুরুপূর্ণিমা উপলক্ষে উত্তরপূর্ব ভারত হিন্দু মিলন মন্দিরের মুখ্য সংগঠক শ্রীমৎ স্বামী সাধনানন্দজী মহারাজ দিক্ষা প্রদান করেন ।

---

ছাত্র সংগঠন এ আই ডি এস ও , যুব সংগঠন এ আই ডি ওয়াই ও , মহিলা সংগঠন এ আই এম এম এস এবং কিশোর সংগঠন কমসোমলের কাছাড় জেলা কমিটির যৌথ উদ্যোগে আজ শিলচরে যথাযোগ্য মর্য্যাদায় ২১শে জুলাই মাতৃভাষা শহীদ দিবস পালন করা হয়েছে । সংগঠনগুলির পক্ষ থেকে আজ সকাল ৮টায় শহীদ ক্ষুদিরাম মূর্তির পাদদেশে শহীদ জগন-যীশুকে স্মরন করা হয়েছে । পরে ১৯৮৬ সালের ২১শে জুলাই ভাষা শহীদ জগন্ময় দেব ও দিবেন্দু দাসকে সম্মান জানিয়ে শহীদ দিবসের তাৎপর্য্য তুলে ধরে অধ্যাপক অজয় রায় বক্তব্য রাখেন ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের করিমগঞ্জ শহর আঞ্চলিক সমিতির পক্ষ থেকে আজ শম্ভু সাগর পার্কের শহীদ বেদীতে শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে । এছাড়া সমিতির উদ্যোগে আজ একটি আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

বরাকের আওয়াজ সংগঠনের পক্ষ থেকে করিমগঞ্জ শহরের  সবকটি শহীদ বেদীতে শ্রদ্ধা নিবেদন করা হয়েছে । বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ শহীদ বেদীতে শ্রদ্ধা জানিয়েছেন ।

এদিকে করিমগঞ্জ জেলায় শহীদ জগন-যীশু স্মরনে গতকাল পথচলার আয়োজন করা হয় । মাতৃভাষা প্রেমীরা জেলা আয়ুক্তের বাংলোর সামনে থাকা শহীদ বেদী প্রাঙ্গন থেকে প্রদীপ হাতে এই পদযাত্রায় অংশগ্রহন করেন ।

এছাড়াও শহরের বিভিন্ন সংস্থা-সংগঠন ও ব্যবসায়িক প্রতিষ্ঠানের পক্ষ থেকেও আজ শহীদ দিবস পালন করা হয়েছে ।

---

করিমগঞ্জের অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জাতীয় নাগরিক পঞ্জীর চূড়ান্ত তালিকায় নাম আছে অথচ ভেরিফিকেশনের সময় বায়োমেট্রিক না দেওয়ার কারনে যাদের এখনো পর্য্যন্ত আধার কার্ড বানানো সম্ভব হয় নি , তাদেরকে নিজ চক্র আধিকারীক কার্য্যলয়ে যোগাযোগ করতে বলা হয়েছে । বিজ্ঞপ্তীতে আধার কার্ড বানানোর জন্য ভোটার পরিচয় পত্র , প্যান কার্ড , রেশন কার্ড ,নাগরিক পঞ্জীর এ আর এন নম্বর  , পরিবারের অন্য সদস্যদের আধার কার্ড এবং নাগরিক পঞ্জীর খসড়া তালিকা সঙ্গে নিয়ে যেতে অনুরোধ করা হয়েছে ।

---

xxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxxx

---